THE BANGLADESH OBSERVER 031

তারিখ ... ২৫/৫/৮৫ ...

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
## ময়মনসিংহ

# ভর্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৯৮৪—৮৫ শিক্ষা বর্ষে ৪ (চার) বৎসর মেয়াদী নিম্নবর্ণিত বিভিন্ন কোর্সের প্রথম বার্ষিক শ্রেণীতে ভর্তির জন্য ১৯৮৪ সনের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :—

১। স্নাতক কৃষি (সম্মান), ২। স্নাতক পশু চিকিৎসা (ডি, ভি, এম,)
৩। স্নাতক পশু পালন (সম্মান), ৪। স্নাতক কৃষি অর্থনীতি (সম্মান),
৫। স্নাতক কৃষি প্রকৌশল (সম্মান) ও ৬। স্নাতক মৎস্য-বিজ্ঞান (সম্মান)।

ভর্তি হতে ইচ্ছুক ছাত্র/ছাত্রী দিগকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড থেকে বিজ্ঞান গ্রুপে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় প্রত্যেকটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে, এবং দুই পরীক্ষায় যৌথভাবে কমপক্ষে শতকরা ৫৫ (পঞ্চান্ন) নম্বর পেতে হবে। যে সকল ছাত্র/ছাত্রী ১৯৮১ ও ১৯৮৩ সালের পূর্বে যথাক্রমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা আবেদন করার যোগ্য নয় এবং যারা ১৯৮১ সনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদেরকে অনিয়মিত প্রার্থী হিসাবে গণ্য করে তাদের উভয় পরীক্ষায় (গ্রেস নম্বর ব্যতীত) প্রাপ্ত মোট নম্বর থেকে সর্বমোট ২৫ নম্বর বাদ দেওয়া হবে।

নিম্ন বর্ণিত প্রত্যেক কোর্সের বিপরীতে উল্লেখিত বিষয় সমূহ উক্ত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে উচ্চ মাধ্যমিক শ্রেণীর কোর্সে সাফল্যজনক ভাবে অধীত হতে হবে।

| | কোর্স | অধীত বিষয় |
|---|---|---|
| ক। | স্নাতক কৃষি (সম্মান) ও স্নাতক পশু পালন (সম্মান) | পদার্থ বিদ্যা (Physics), রসায়ণ বিদ্যা (Chemistry), গণিত (Mathematics) এবং/অথবা জীব বিজ্ঞান (Biology) |
| খ। | স্নাতক কৃষি ও প্রকৌশল (সম্মান) ও স্নাতক কৃষি অর্থনীতি (সম্মান) | পদার্থ বিদ্যা (Physics), রসায়ণ বিদ্যা (Chemistry), গণিত (Mathematics) |
| গ। | স্নাতক মৎস্যবিজ্ঞান (সম্মান) ও স্নাতক পশু চিকিৎসা (ডি, ভি, এম,) | পদার্থ বিদ্যা (Physics), রসায়ণ বিদ্যা (Chemistry), জীব বিজ্ঞান (Biology) |

ভর্তির জন্য নির্ধারিত আবেদনপত্র (Prescribed Admission Form-যথারীতি পূরণ করে প্রয়োজনীয় দলিলপত্রাদির প্রত্যায়িত অনুলিপি, সংশ্লিষ্ট পরীক্ষাদির সার্টিফিকেট (যদি পেয়ে থাকে) ও মার্কশীট, প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করেছে সেই শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের কাছ থেকে প্রাপ্তব্য চরিত্রগত সার্টিফিকেট ও তিনটি পাসপোর্ট সাইজের সাম্প্রতিক আলোকচিত্রসহ ১৯৮৫ সনের ২৬শে মে রোববারের মধ্যে সংশ্লিষ্ট অনুষদীয় ডীন অফিসে অবশ্যই পৌঁছতে হবে। অসম্পূর্ণ, অনিয়মিত এবং অস্পষ্ট আবেদন পত্র সরাসরি বাতিল বলে ধরা হবে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষা প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিভিন্ন কোর্সের জন্য প্রাপ্ত দরখাস্ত প্রাথমিকভাবে বাছাই করা হবে। বাছাইকৃত দরখাস্ত সমূহের ভিত্তিতে প্রার্থীদিগকে নির্বাচনের জন্য অনুষ্ঠিতব্য ভর্তি নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। নির্বাচনী পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংবাদপত্র মারফৎ জানানো হবে।

উচ্চমাধ্যমিক পরীক্ষার পাঠ্যক্রম অনুযায়ী উপরে বর্ণিত ছকে সংশ্লিষ্ট কোর্সের বিপরীতে উল্লেখিত অধীত বিষয়সমূহে এবং তদুপরি কৃষি অর্থনীতি ও গ্রামীন সমাজ বিজ্ঞান অনুষদের জন্য ভাষা বিষয়ে লিখিত নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদিগকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে কোন যাতায়াত ভাতা দেয়া হবে না এবং তাদের আহার বাসস্থানের ব্যবস্থা করার বিষয়ে বিশ্ববিদ্যালয়ের কোন দায়িত্ব থাকবে না। ১৯৮৪—৮৫ শিক্ষা সালের (ক) ক্লাশসমূহ ১৯৮৫ সনের জুলাই মাসের পূর্বে শুরু হওয়ার সম্ভাবনা নেই, (খ) হলে সীটের অপ্রতুলতাহেতু ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের হলে সীট প্রদান সম্পর্কে কোন নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। সীমিত সংখ্যক ছাত্র/ছাত্রীকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে মেধা ভিত্তিক বৃত্তি প্রদান করা হতে পারে।

পূবালী ব্যাংকের বিভিন্ন জেলা সদরে অবস্থিত শাখাসমূহে এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় অংগনে অবস্থিত শাখায় প্রতি কপি ভর্তির আবেদন পত্র Admission Form— ও প্রতি কপি বিবরণীপত্র (Prospectus—) এর মূল্য বাবত যথাক্রমে ১৫'০০ (পনর) টাকা ও ১০'০০ (দশ) টাকা জমা দিয়ে ভর্তির আবেদন পত্র/বিবরণীপত্র সংগ্রহ করা যাবে।

সরকারের সিদ্ধান্তনুযায়ী ভর্তির জন্য যোগ্যতাসম্পন্ন উপ-জাতীয় প্রার্থীর জন্য আসন সংরক্ষিত রয়েছে।

রেজিস্ট্রার

ডি—৫২১০